# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯১০

৯/ হাজ্জ (হজ্জ) (كتاب الحج عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ মুকিমের জন্য হজ্জের কুরবানীর পশুর গলায় মালা লটকানো।

باب مَا جَاءَ فِي تَقْلِيدِ الْهَدْىِ لِلْمُقِيمِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْقَاسِمِ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، أَنَّهَا قَالَتْ فَتَلْتُ قَلاَئِدَ هَدْىِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم ثُمَّ لَمْ يُحْرِمْ وَلَمْ يَتْرُكْ شَيْئًا مِنَ الثِّيَابِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ قَالُوا إِذَا قَلَّدَ الرَّجُلُ الْهَدْىَ وَهُوَ يُرِيدُ الْحَجَّ لَمْ يَحْرُمْ عَلَيْهِ شَيْءٌ مِنَ الثِّيَابِ وَالطِّيبِ حَتَّى يُحْرِمَ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ إِذَا قَلَّدَ الرَّجُلُ هَدْيَهُ فَقَدْ وَجَبَ عَلَيْهِ مَا وَجَبَ عَلَى الْمُحْرِمِ .

বাংলা

৯১০. কুতায়বা (রহঃ) ..... আয়িশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হজ্জের কুরবানীর পশুর গলার রশি পাকিয়ে দিয়েছি। এরপরও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইহরামও বাধেননি এবং সাধারণ পোষাকও ছাড়েননি। - ইবনু মাজাহ ৩০৯৮, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৯০৮ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-সহীহ। কিছু সংখ্যক আলিম এতদনুসারে আমল করেছেন। তাঁরা বলেন, হজ্জের ইচ্ছা করে কোন ব্যক্তি যদি হজ্জের কুরবানীর পশুর গলায় মালা পরিয়ে দেয় কিন্তু সে যদি ইহরাম না বাধে তবে এতে তার উপর সাধারণ পোষাক পরিধান ও সুগন্ধি ব্যবহার কিছুই হারাম হবে না, যাবত না সে ইহরাম বেধেছে। অপর কতিপয় আলিম বলেন, যদি কোন ব্যক্তি তার কুরবানীর পশুর গলায় মালা পরিয়ে দেয় তবে এর কারণেই তার ঐ সমস্ত নিষেধ হারাম হয়ে যাবে যা একজন ইহরামকারী ব্যক্তির জন্য হারাম হয়ে থাকে।

## English

Aishah narrated:

"I twisted the garlands for the Hadi of the Prophet, then he did not assume Ihram, nor did he avoid any clothing."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18099

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন